ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd



স্মারক নং: ইআবি/কামিল কেন্দ্র/সেমিনার/২০২৬/৪২৬(০১)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

"দক্ষতা ভিত্তিক মাদরাসা শিক্ষা ও কর্মসংস্থান: আগামীর বাংলদেশ বিনির্মাণে সরকারের ভাবনা" শীর্ষক সেমিনার-২০২৬ এ অংশগ্রহণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত রংপুর বিভাগের সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ ও সিনিয়র শিক্ষকগণের অংশগ্রহণে আগামী ০৮ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ রবিবার দুপুর ০১.৩০ ঘটিকায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন, রংপুর **"দক্ষতা ভিত্তিক মাদরাসা শিক্ষা ও কর্মসংস্থান: আগামীর বাংলদেশ বিনির্মাণে সরকারের ভাবনা"** শীর্ষক সেমিনার-২০২৬ আয়োজন করা হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর ড. আব্দুল্লাহ-আল-মামুন, মাননীয় সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব শাহীনুল ইসলাম (সাবেক অতিরিক্ত সচিব), ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও প্রফেসর ড. মুহাম্মদ গোলাম রব্বানী, ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। সভাপতিত্ব করবেন প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান, মাননীয় ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। উক্ত সেমিনারে রংপুর বিভাগের সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ ও একজন সিনিয়র শিক্ষকসহ মোট ০২ জনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সেমিনারে অংশগ্রহণকারী অধ্যক্ষ/ উপাধ্যক্ষ ও শিক্ষকবৃন্দের যাতায়াত খরচ সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ বহন করবেন।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

০২/১১/২৬

(প্রফেসর ড. মুহাম্মদ গোলাম রব্বানী)
ডিন
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৩০৩ ৮৭৮৭৭০

প্রাপক
অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
(রংপুর বিভাগের সকল ফাজিল ও কামিল মাদরাসা)

স্মারক নং: ইআবি/কামিল কেন্দ্র/সেমিনার/২০২৬/৪২৬(০১) (০৯)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক, অর্থ ও হিসাব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. প্রো ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) এর একান্ত সচিব, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. প্রো ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর একান্ত সচিব, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৮. সভাপতি, রংপুর বিভাগের সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৯. সংশ্লিষ্ট নথি।

02.11.2026

(মুহাম্মদ আখলাকুল আম্বিয়া)
সহকারী রেজিস্ট্রার
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৭২১ ৩৭২০০০